গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ১৩৯/২০১৮-২০১৯**
**ঢাকা, সোমবার ১৪ জানুয়ারি ২০১৯, ১ মাঘ ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দুর্নীতির বিরুদ্ধে লড়াই চলবে : প্রধানমন্ত্রী
২। শিখা অনির্বাণে সশস্ত্রবাহিনীর শহিদদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানালেন ওআইসির দূতরা
৪। মন্ত্রণালয় ও বিভাগ পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী
৫। সাধারণ মানুষকে স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা দিন : চিকিৎসকদের উদ্দেশে রাষ্ট্রপতি
৬। নতুন সরকারের সঙ্গে কাজ করতে প্রস্তুত জাতিসংঘ : ফেসবুকে পেজ ও টুইটারে বিবৃতি
৭। সব দলকে নিয়ে আবারও সংলাপে বসবেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী
৮। পোশাক শ্রমিকদের বেতন বাড়ছে ৬টি গ্রেডে : মজুরি কাঠামো সমন্বয়ের সিদ্ধান্ত পর্যালোচনা কমিটির বেতন সর্বোচ্চ বাড়ছে ৭৮৬ টাকা, সর্বনিম্ন ১৫ টাকা
৯। জামায়াতের সাথে নির্বাচনের বিষয়ে ভুল স্বীকার করায় ড. কামালকে ধন্যবাদ জানালেন তথ্যমন্ত্রী
১০। বিদেশে পালিয়ে থাকা অপরাধীদের দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকরে সরকার অত্যন্ত তৎপর : আইনমন্ত্রী
১১। ২০৩২ সালের মধ্যে বিশ্বে বাংলাদেশ হবে ২৪তম অর্থনীতির দেশ : অর্থমন্ত্রী
১২। প্রকল্প প্রণয়নে অর্থনৈতিক গুরুত্ব বিবেচনা করতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী
১৩। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে মনিটরিং সেল গঠন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
১৪। প্রতিজন প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান হবে : সমাজকল্যাণমন্ত্রী
১৫। রাজউককে জনবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করতে হবে : গণপূর্তমন্ত্রী
১৬। পাহাড়ে সন্ত্রাস বন্ধে জিরো টলারেন্স : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী
১৭। দেশের ৩৮ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী
১৮। গ্রামীণ সড়কের উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এডিবি

চলমান পাতা-২



**১। দুর্নীতির বিরুদ্ধে লড়াই চলবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুর্নীতির বিরুদ্ধে তাঁর সরকারের কঠোর অবস্থানের কথা পুনর্ব্যক্ত করে বলেছেন, দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং এর অর্জনসমূহ সমুন্নত রাখার জন্য সরকার দুর্নীতি বিরোধী লড়াই অব্যাহত রাখবে। প্রধানমন্ত্রী হিসেবে চতুর্থবারের মতো পুনর্নির্বাচিত হওয়ার পর গতকাল (১৩ জানুয়ারি রোববার)

প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর প্রথম কর্মদিবসে কার্যালয়ের সিনিয়র কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

২। **শিখা অনির্বাণে সশস্ত্রবাহিনীর শহিদদের প্রতি প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন**

চতুর্থবার এবং টানা তৃতীয়বারের মতো দেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় সশস্ত্রবাহিনীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গতকাল (১৩ জানুয়ারি রোববার) ঢাকা সেনানিবাসের শিখা অনির্বাণে পুষ্পার্ঘ্য অর্পণ করে এ শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিখা অনির্বাণের বেদিতে পুষ্পাঞ্জলি অর্পণের পর মহান স্বাধীনতাযুদ্ধে আত্মোৎসর্গকারী সশস্ত্রবাহিনীর বীর শহিদদের প্রতি সম্মান প্রদর্শনের অংশ হিসেবে সেখানে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। বাংলাদেশ সশস্ত্রবাহিনীর একটি চৌকস দল এ সময় গার্ড অভ্ অনার প্রদান করে। এ সময় বিউগলে বেজে ওঠে করুণ সুর। প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরে শিখা অনির্বাণ চত্বরে সংরক্ষিত দর্শনার্থী বইয়ে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানালেন ওআইসির দূতরা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় এবং টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) রাষ্ট্রদূতরা। নতুন সরকারের প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করে আগামীতে সরকারের সাফল্য কামনা করেছেন তাঁরা। ঢাকায় নিয়োজিত ওআইসির সদস্য দেশগুলোর রাষ্ট্রদূত, চার্জ দ্য অ্যাফেয়ার্স ও হাইকমিশনারদের ১৭ সদস্যের প্রতিনিধিদল গতকাল (১৩ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাতে গণভবনে যান। ঢাকায় দায়িত্বরত ফিলিস্তিন, কাতার, সংযুক্ত আরব আমিরাত, মিসর, ইন্দোনেশিয়া, আফগানিস্তান, তুরস্ক, কুয়েত, মরক্কো, মালদ্বীপ, ইরাক, ওমান, পাকিস্তান ও সৌদি আরবের কূটনীতিকরা অনুষ্ঠানে বক্তব্য দেন। অতিথিদের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ জনগণের জন্য কাজ করে যাচ্ছে, মানুষ এটা উপলব্ধি করতে পেরেছে। নির্বাচনে সেজন্যই আমাদের ভোট দিয়েছে। তিনি বলেন, আমরা বাংলাদেশের মানুষের মৌলিক চাহিদাগুলো পূরণ করতে চাই যেন তারা খাদ্য, বাসস্থান, স্বাস্থ্যসেবা, শিক্ষাসহ অন্য সুবিধাগুলো পায়। এ লক্ষ্য পূরণে আমরা সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

৪। **মন্ত্রণালয় ও বিভাগ পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী**

গত মেয়াদের মতো এ মেয়াদেও বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ পরিদর্শন শুরু করতে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আগামী ১৭ জানুয়ারি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং ২৩ জানুয়ারি জনপ্রশাসন মন্ত্রণালয় পরিদর্শন করবেন বলে জানিয়েছেন জনপ্রশাসন সচিব ফয়েজ আহম্মদ। তিনি গতকাল (১৩ জানুয়ারি রোববার) সচিবালয়ে নতুন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে স্বাগত এবং বিদায়ী জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেককে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠানের পর সাংবাদিকদের এ তথ্য জানান জনপ্রশাসন সচিব। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.২)।

৫। **সাধারণ মানুষকে স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা দিন : চিকিৎসকদের উদ্দেশে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সাধারণ মানুষকে স্বল্পমূল্যে যথাযথ স্বাস্থ্যসেবা প্রদানের জন্য চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১৩ জানুয়ারি রোববার) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। বৈঠকে রাষ্ট্রপতি বলেন, চিকিৎসা মানুষের মৌলিক অধিকার এবং চিকিৎসকদের উচিৎ সর্বোচ্চ আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে সে দায়িত্ব পালন করা, যাতে সাধারণ মানুষ স্বল্পমূল্যে স্বাস্থ্যসেবা পায়। রাষ্ট্রপতি বিভিন্ন মারাত্মক রোগের চিকিৎসা নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণে এবং এজন্য আরও বেশি গবেষণামূলক কার্যক্রম চালানোর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ইনডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।



৬। **নতুন সরকারের সঙ্গে কাজ করতে প্রস্তুত জাতিসংঘ : ফেসবুক পেজ ও টুইটারে বিবৃতি**

বাংলাদেশের নতুন সরকার এবং অন্য সহযোগীদের সঙ্গে কাজ করতে প্রস্তুত জাতিসংঘ। গতকাল (১৩ জানুয়ারি রোববার) জাতিসংঘের বাংলাদেশ কার্যালয়ের ফেসবুক পেজ ও টুইটারে প্রকাশিত বিবৃতিতে এ কথা জানানো হয়। বিবৃতিতে জাতিসংঘের পক্ষ থেকে বলা হয়, বাংলাদেশে ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সঙ্গে

সঙ্গতিপূর্ণ শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক সমাজ, সুশাসন এবং আইনের শাসন দেখতে চায় তারা। আর সে কারণে তারা সরকার ও সংশ্লিষ্ট অন্যান্য সহযোগীদের সঙ্গে কাজ করতে প্রস্তুত রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইনডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৭। সব দলকে নিয়ে আবারও সংলাপে বসবেন প্রধানমন্ত্রী : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে বিএনপি, ঐক্যফ্রন্টসহ সব দল অংশ নেবে বলে আশা প্রকাশ করেছেন। গতকাল (১৩ জানুয়ারি রোববার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা এবং আশপাশের জেলা, উপজেলা, পৌরসভা পর্যায়ের দলীয় সভাপতি ও সাধারণ সম্পাদক, উপজেলা চেয়ারম্যান ও পৌর মেয়রদের এবং দলীয় সংসদ সদস্যদের সঙ্গে আয়োজিত যৌথসভায় তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। সেতুমন্ত্রী বলেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ঐক্যফ্রন্ট ও যুক্তফ্রন্টসহ যে ৭৫টি রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ হয়েছিল, শীঘ্রই তাদের নিয়ে গণভবনে আবারও সংলাপে বসবেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সবাইকে চিঠি দিয়ে আমন্ত্রণ জানানো হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইনডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৮। পোশাক শ্রমিকদের বেতন বাড়ছে ৬টি গ্রেডে : মজুরি কাঠামো সমন্বয়ের সিদ্ধান্ত পর্যালোচনা কমিটির বেতন সর্বোচ্চ বাড়ছে ৭৮৬ টাকা, সর্বনিম্ন ১৫ টাকা**

পোশাক শ্রমিকদের ২০১৮ সালের মজুরি কাঠামোর ৬টি গ্রেডের বেতন সমন্বয়ের সিদ্ধান্ত নিয়েছে পর্যালোচনা কমিটি। গতকাল (১৩ জানুয়ারি রোববার) শ্রম মন্ত্রণালয়ের সভাকক্ষে মালিক-শ্রমিক ও প্রশাসনের প্রতিনিধিদের নিয়ে গঠিত পর্যালোচনা কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ সমন্বয়ের ফলে শ্রমিকদের বেতন সর্বনিম্ন ১৫ টাকা থেকে ৭৮৬ টাকা পর্যন্ত বাড়বে। এছাড়া বিভিন্ন গ্রেডের মধ্যে বেতন বৈষম্যও দূর হবে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। গতকাল বৈঠকশেষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি জানান, শুধু ৭ নম্বর গ্রেড বাদ দিয়ে বাকি ৬টি গ্রেডের বেতন সমন্বয় করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইনডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৯। জামায়াতের সাথে নির্বাচনের বিষয়ে ভুল স্বীকার করায় ড. কামালকে ধন্যবাদ জানালেন তথ্যমন্ত্রী**

জামায়াতের প্রার্থীদের সঙ্গে একই প্রতীকে নির্বাচন করা ভুল ছিল বলে স্বীকার করায় জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেনকে ধন্যবাদ জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেছেন, জামায়াতকে সঙ্গে নিয়ে নির্বাচন ও রাজনীতিতে বিএনপি যে ভুল করেছে ড. কামালের কথায় তা প্রমাণিত। গতকাল (১৩ জানুয়ারি রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে এক সমন্বয় সভার শুরুতে এসব কথা বলেন তথ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৩)।

**১০। বিদেশে পালিয়ে থাকা অপরাধীদের দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকরে সরকার অত্যন্ত তৎপর : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, লন্ডনে অবস্থানরত বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান সাজাপ্রাপ্ত তারেক রহমানকে দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু করেছে সরকার। এ বিষয়ে প্রক্রিয়া এগিয়ে যাচ্ছে। যে কোনো অপরাধী

যারা বিদেশে পালিয়ে আছেন, তাদের দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকরের ব্যাপারে সরকার অত্যন্ত তৎপর। গতকাল (১৩ জানুয়ারি রোববার) রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সহকারী জজদের ৩৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** ( শেষ পৃ,ক.৫), **ইনডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১১। ২০৩২ সালের মধ্যে বিশ্বে বাংলাদেশ হবে ২৪তম অর্থনীতির দেশ : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ২০৩২ সালের মধ্যে সারাবিশ্বে বাংলাদেশ হবে ২৪তম অর্থনীতির দেশ। গতকাল (১৩ জানুয়ারি রোববার) শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে মন্ত্রী তাঁর নিজ দফতরে এ কথা



বলেন। এর আগে ঢাকা মোহামেডান স্পোর্টিং ক্লাবের প্রতিনিধিরা অর্থমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), বণিক বার্তা (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**১২। প্রকল্প প্রণয়নে অর্থনৈতিক গুরুত্ব বিবেচনা করতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, জনগণের করের টাকায় উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। প্রতিটি প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে অর্থনৈতিক গুরুত্ব বিবেচনা করতে হবে। উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে কোনো ধরনের অনিয়ম সহ্য করা হবে না। প্রকল্পের সুফল যেন জনগণ পায় সেদিকে নজর রাখতে হবে। গতকাল (১৩ জানুয়ারি রোববার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে এলজিআরডি মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১৩। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতে মনিটরিং সেল গঠন করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে মন্ত্রণালয়ের পক্ষ থেকে মনিটরিং সেল গঠন করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক। গতকাল (১৩ জানুয়ারি রোববার) মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের নেতৃবৃন্দের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ কথা জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মনিটরিং সেল সারাদেশের হাসপাতালগুলোর কোন যন্ত্রপাতি নষ্ট, কোথায় ডাক্তার উপস্থিত থাকছে না, কোথায় জনবল সংকট তা নির্ণয় করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**১৪। প্রতিজন প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান হবে : সমাজকল্যাণমন্ত্রী**

আগামী পাঁচ বছরে প্রতিজন প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থান হবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। সমাজের মূল স্রোতধারার মানুষের সঙ্গে তাদের সম্পৃক্ত করা হবে বলেও জানান তিনি। গতকাল (১৩ জানুয়ারি রোববার) লালমনিরহাট জেলা সার্কিট হাউজে জেলা সংবাদকর্মী ও সুশীল সমাজের সাথে 'নির্বাচন পরবর্তী উন্নয়ন ভাবনা' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

**১৫। রাজউককে জনবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করতে হবে : গণপূর্তমন্ত্রী**

সেবার মান উন্নত করে রাজউককে জনবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করতে হবে। বর্তমানে সেবাপ্রত্যাশীদের যে অনাকাঙ্ক্ষিত বিলম্বের শিকার হতে হয়, তা দূর করতে হবে। এজন্য কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্বশীলতা বাড়াতে এবং আরো গতিশীল ভূমিকা পালন করার আহ্বান জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (১৩ জানুয়ারি রোববার) রাজধানীর মতিঝিলে রাজউকের সভাকক্ষে চলমান প্রকল্প নিয়ে কর্মকর্তা-কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **সমকাল** (পৃ.৩,ক.৫), **ইনডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**১৬। পাহাড়ে সন্ত্রাস বন্ধে জিরো টলারেন্স : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী**

পাহাড়ে সন্ত্রাস চাঁদাবাজি বন্ধে জিরো টলারেন্স দেখানো হবে বলে মন্তব্য করেছেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং। তিনি বলেন, পার্বত্য বান্দরবান জেলাকে পর্যটনের একটি রোল মডেল হিসেবে গড়ে তোলা হবে, সে লক্ষ্যে তাঁর মন্ত্রণালয় কাজ করছে। গতকাল (১৩ জানুয়ারি রোববার) বান্দরবান জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলনকক্ষে জেলা আইনশৃঙ্খলা ও মাসিক উন্নয়ন সমন্বয় সভায় তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, উন্নয়ন ও সম্প্রীতির জন্য স্থায়ী শান্তি স্থাপন করা জরুরি। সন্ত্রাসী কর্মকান্ড বন্ধ করার জন্য নিরাপত্তা বাহিনীকে নির্দেশনা দেওয়া হয়েছে। পাহাড়ে যেসব সমস্যা রয়েছে সেগুলো সবার সঙ্গে আলোচনার মাধ্যমে সমাধান করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩)।

**১৭। দেশের ৩৮ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

দেশের ৩৮ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (১৩ জানুয়ারি রোববার) নাটোরের জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা আইসিটি কমিটির সভায় জেলার ৯২টি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে এক মতবিনিময় সভায় প্রতিমন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।



**১৮। গ্রামীণ সড়কের উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এডিবি**

দেশের গ্রামীণ সড়ক অবকাঠামোর উন্নয়ন প্রকল্পে ২০ কোটি মার্কিন ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ লক্ষ্যে গতকাল (১৩ জানুয়ারি রোববার) শেরেবাংলা নগরস্থ ইআরডি সম্মেলনকক্ষে আয়োজিত চুক্তি

স্বাক্ষর অনুষ্ঠানে সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমদ এবং এডিবি'র কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ স্বাক্ষর করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬) **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২), **ইনডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল, যুগান্তর :** নবনিযুক্ত ভূমিমন্ত্রী তাঁর মন্ত্রণালয়সহ দেশের সব ভূমি অফিসের কর্মকর্তা-কর্মচারীদের সম্পদের হিসাব জমা দেওয়ার যে নির্দেশ দিয়েছেন সেটিকে স্বাগত জানিয়ে এ পদক্ষেপের সাফল্য কামনা।

**খ.** **ইত্তেফাক :** দেশের ২২টি মহাসড়ক হতে সাতদিনের মধ্যে 'অবৈধ স্থাপনা' উচ্ছেদের ঘোষণা দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **যায়যায়দিন :** বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচকে বাংলাদেশের চার ধাপ উন্নতি ঘটেছে আন্তর্জাতিক এক জরিপে এ তথ্য উঠে আসায় সন্তোষ প্রকাশ করে জঙ্গি সংগঠন নিষিদ্ধসহ সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি গ্রহণের কারণে সন্ত্রাসবাদ সূচকে বাংলাদেশের এ উন্নয়ন বলে মত প্রকাশ।

**ঘ.** **বণিক বার্তা :** দৌলতদিয়া-পাটুরিয়া নৌ-রুটে তিন বছর আগে কোটি টাকা ব্যয়ে ফগ লাইট কেনা হলেও তা নষ্ট হয়ে আছে উল্লেখ করে এ অবস্থার জন্য দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি লাইটগুলো দ্রুত মেরামতের সুপারিশ।

**ঙ.** **সংবাদ :** গত ১৫ থেকে ২০ দিন ধরে চাল, ডাল, তেলসহ ভোগ্যপণ্যের মূল্যবৃদ্ধি পাওয়ায় অস্থিরতা দেখা দিয়েছে উল্লেখ করে মূল্যবৃদ্ধি প্রতিরোধে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ এজ :** প্রতিবছর দেশে **১১**,৯৫৬ জন নারী জরায়ুমুখের ক্যান্সারে আক্রান্ত হয় আন্তর্জাতিক এক সংস্থার গবেষণায় এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** যেখানে সেখানে গড়ে ওঠা অবৈধ ইটভাটার কারণে পরিবেশের মারাত্মক দূষণ হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি অনুকূল নাগরিক-রাজনৈতিক-রাষ্ট্রীয় কাঠামোর আওতায় জাতির অগ্রযাত্রাকে জনভিত্তিক করে সকলের ন্যায্য অংশীদারিত্ব নিশ্চিত করা যেতে পারে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ক্রমবর্ধমান বেকারত্ব ও বাস্তবমুখী শিক্ষা'** শীর্ষক নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী করতে হলে কর্মমুখী শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে ।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা